



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিলেট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.sylhet.gov.bd



নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৪৮.০০১.২২.২২৬

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০
০৩ মার্চ ২০২৪

গণবিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৭৫ নম্বর পত্র মোতাবেক আগামি ০৯ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিতব্য সিলেট জেলার সিলেট সদর উপজেলার জালালাবাদ ইউনিয়নের চেয়ারম্যান পদের শূন্যপদ, মোগলগাঁও ইউনিয়নের ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, কোম্পানীগঞ্জ উপজেলার ইসলামপুর পূর্ব ইউনিয়নের ৩ নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, উত্তর রণিখাই ইউনিয়নের ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, দক্ষিণ সুরমা উপজেলার লালাবাজার ইউনিয়নের ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, মোল্লারগাঁও ইউনিয়নের ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, জৈন্তাপুর উপজেলার দরবস্ত ইউনিয়নের ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ, গোয়াইনঘাট উপজেলার পূর্ব আলীরগাঁও ইউনিয়নের ২নং সাধারণ ওয়ার্ডের সদস্যের শূন্যপদ এবং কানাইঘাট উপজেলার লক্ষীপ্রাসাদ ইউনিয়নের ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৮ মার্চ ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৯ মার্চ ২০২৪ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) লঞ্চ

(২) স্পিড বোট (নির্দিষ্ট রুটে চলাচলকারী ব্যতীত)

২। ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান বা জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান নিষেধাজ্ঞার বাইরে থাকবে।

৩। তবে, উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৪। উল্লিখিত নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪-৩-২০২৪

শেখ রাসেল হাসান

জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট

ফোন: ০২৯৯৬৬৩২১৯০

ইমেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৪৮.০০১.২২.২২৬/১

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ।
- ৩) সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৪) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়।
- ৫) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।
- ৬) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।
- ৭) পুলিশ সুপার, সিলেট।
- ৮) অধিনায়ক, ১৯/৪৮/৫২ বিজিবি, সিলেট।
- ৯) অধিনায়ক, র্‌যাব-৯, সিলেট।
- ১০) সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট।
- ১১) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/কোম্পানীগঞ্জ/দক্ষিণ সুরমা/জৈন্তাপুর/গোয়াইনঘাট/কানাইঘাট, সিলেট।
- ১২) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট।
- ১৩) উপপরিচালক, ডিজিএফআই, সিলেট।
- ১৪) উপপরিচালক, এনএসআই, সিলেট।
- ১৫) জেলা তথ্য অফিসার, সিলেট।
- ১৬) রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার, , সিলেট সদর/কোম্পানীগঞ্জ/দক্ষিণ সুরমা/জৈন্তাপুর/গোয়াইনঘাট/কানাইঘাট, সিলেট।
- ১৭) সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেস ক্লাব/সিলেট প্রেস ক্লাব, সিলেট।



৪-৩-২০২৪

শেখ রাসেল হাসান
জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট